

# টাকা দেয়ার প্রতিশ্রুতি সংক্রান্ত E-mail/ এস এম এস/ ফোন কল-এ প্রতারণিত হবেননা

## বিদেশ থেকে ফান্ডের জাল অফারের E-mail / এস এম এস/ ফোন কল থেকে সাবধান

### আর বি আই সাবধান করে

- আর বি আই-এর কাছে কোন ব্যক্তির অ্যাকাউন্ট থাকে না।
- আর বি আই আধিকারিকদের ছদ্মবেশী নামের থেকে সতর্ক থাকুন।
- আর বি আই কাউকে কল করে লটারীতে জেতার বা বিদেশ থেকে ফান্ড পাওয়ার কথা বলেনা।
- আর বি আই কাউকে লটারী ফান্ড জেতার E-mail পাঠায় না।
- আর বি আই কাউকে এস এম এস, চিঠি বা E-mail পাঠিয়ে লটারীতে জেতার বা বিদেশ থেকে ফান্ড পাওয়ার জাল অফার দেয়না।
- আর বি আই এর একমাত্র অফিশিয়াল আর সঠিক ওয়েবসাইট হলো (<https://www.rbi.org.in/> or <https://rbi.org.in/>) আর আম জনতা কে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হলো যাতে তারা একই নাম, যেমন, রিজার্ভ ব্যাঙ্ক, আর বি আই ইত্যাদি দিয়ে শুরু হওয়া নকল লোগো সহ নকল ওয়েবসাইট দেখে বিপথগামী না হয়ে যান।
- এমন জালিয়াতি দেখলে সঙ্গে সঙ্গে লোকাল পুলিশ বা সাইবার ক্রাইম কতৃপক্ষ কে জানান।
- লটারীতে ভাগ নেওয়া বা পুরস্কার জেতা ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, 1999 অনুসারে নিষিদ্ধ।
- আর বি আই ডিসবার্সালের জন্য কোনো ব্যক্তির/ কোম্পানীর/ ট্রাস্টের বা বিদেশী ফান্ডের অ্যাকাউন্ট রাখে না।
- আর বি আই এমন কোনো সার্টিফিকেট দেয়না যেটা বিদেশী ফান্ড পাওয়া এবং ধরে রাখার প্রমাণ হিসেবে ধরা যায়।
- এমন কোনো অফারের বিবরণ আপনি সঙ্গে সঙ্গে লোকাল পুলিশ আধিকারিক বা সাইবার ক্রাইম সেলের নজরে আনতে পারেন অপরাধীদের ধরার জন্য।
- অন্য কোনো ব্যক্তিকে নিজের অ্যাকাউন্ট অপারেট করতে দেবেন না। ক্যাশের বিনিময় কারুর সাথে অ্যাকাউন্টের বিবরণ শেয়ার করবেননা। বিদেশ থেকে ফান্ডের জাল অফারের E-mail/ এস এম এস/ ফোন কল থেকে সাবধান থাকুন।

### রিজার্ভ ব্যাঙ্ক কি করছে জনতা কে সতর্ক করার জন্য?

- রিজার্ভ ব্যাঙ্ক আগেই এই জালিয়াতি বিষয়ে অনেক এ পী ( ডী আই আর সিরীজ) সার্কুলার বার করেছে এমন ব্যাঙ্কদের সতর্ক করার জন্য যারা ফরেন এক্সচেঞ্জ ডীল করতে অনুমোদিত, সিরীজের সর্বশেষ হলো এ পী ( ডী আই আর সিরীজ) সার্কুলার নম্বর 54 তারিখ 26মে, 2010.
- আর বি আই জাল অফারের বিরুদ্ধে মানুষকে সতর্ক করার জন্য প্রেস রিলিজ করেছে যেগুলি ওয়েবসাইট [www.rbi.org.in](http://www.rbi.org.in) -এ আছে পারমানেন্ট টিকার হিসেবে।
- একই জিনিস তারা বৈদুতিক আর প্রিন্ট মিডিয়াতে প্রচার করেছে ভারত সরকারের সাথে মিলে জাগো গ্রাহক জাগো প্রোগ্রাম মাধ্যমে।
- আমরাও জনতাকে পরামর্শ দিই যারা আমাদের কাছে আসে এরকম জাল অফার সম্বন্ধে জানতে আর লোকাল পুলিশে কম্প্লেন করতে।

### আর বি আই কি এই অপরাধের তদন্ত করছে?

- রিজার্ভ ব্যাঙ্কের কোনো রকম তদন্ত ক্ষমতা নেই এই অপরাধ খোঁজার বা বুক করার।
- ডিরেকটোরেট অফ এনফোর্সমেন্ট, এফ ই এম এ, 1999 অনুযায়ী তদন্ত চালানোর সংস্থা।

- এই অপরাধে প্রতারিত ব্যক্তিদের লোকাল পুলিশের কাছে যাওয়া উচিত যারা অপরাধীদের বিরুদ্ধে অ্যাকশান নিতে পারবেন আর নিশ্চিত করতে পারবেন যে এমন জালিয়াতি যেন ভবিষ্যতে না হয়।

### আমরা এরকম জাল অফার পেলে কী করব?

- আপনাদের এমন বার্তা উপেক্ষা করা উচিত আর এরকম কোনো স্কীমে ভাগ নেওয়ার জন্য টাকা না দেয়া উচিত।
- লোকাল পুলিশ/ সাইবার ক্রাইম সেল/ লোকাল ইকনমিক অফেন্স ওয়িংস-এ সঙ্গে সঙ্গে কম্প্লেন রেজিস্টার করা উচিত।
- এমন জাল অফার সম্বন্ধে যদি কোনো সন্দেহ থাকে তাহলে জনতা রিজার্ভ ব্যাঙ্কের ওয়েবসাইট দেখতে পারে স্পষ্টীকরণের জন্য।

## এফ ই এম এ অনুযায়ী লটারীতে যোগদান করার জন্য বিদেশে টাকা পাঠানো নিষিদ্ধ !!!

### জনতা কে প্রতারিত করার জন্য অপরাধীদের কার্যপ্রণালী

- জাল অফার হতে পারে লটারীতে জেতা/ বিদেশী মুদ্রায় সম্ভা তহবিলের রেমিটেন্স/ চাকরীর অফার/ স্কলার্শিপের অফার/ এমিগ্রেশান ভিসা/ নামকরা বিদেশী ইউনিভার্সিটিতে ভর্তি ইত্যাদি।
- এগুলি সাধারণত চিঠি, E-mail, মোবাইল ফোন, এস এম এস-এর দ্বারা করা হয়। কখনও প্রতারকেরা সার্টিফিকেট, চিঠি, সারকুলার বার করে যা দেখে মনে হয় যেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া তাদের শীর্ষ কার্যকরী, বড় কর্মকর্তাদের সহই সহ এগুলি পাঠিয়েছে।
- প্রতারকেরা রিজার্ভ ব্যাঙ্কের শীর্ষ কর্মকর্তা সেজে জাল ফোন নম্বর আর E-mail আই ডী দিয়ে প্রতারিতদের ফাঁসিয়ে নেয়।
- প্রতারকেরা বিভিন্ন খাতে টাকা নেয় যেমন প্রসেসিং ফী/ ট্রান্স্যাকশান ফী/ ট্যাক্স ক্লিয়ারেন্স চার্জ/ কনভারশান চার্জ/ ক্লিয়ারিং ফী ইত্যাদি।
- সম্ভাব্য প্রতারিতদের দেশের বিভিন্ন ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা জমা করতে বলা হয়।
- একবার প্রথম পরিমাণ জমা হয়ে গেলে, টাকাটা সঙ্গে সঙ্গে ওয়িথড্র করে নেয়া হয় এবং আরও বড় পরিমাণ, ট্রান্স্যাকশান চার্জ, রেজিস্ট্রেশান চার্জের নামে ডিম্যান্ড করা হয়।

### এই অফারগুলি কি জাল? কেন?

- দুর্ভাগ্যবশত, এই অফারগুলির পুরোটাই জাল, সম্ভাব্য প্রতারিতদের যোগাযোগ করার E-mail আই ডী, ফোনে যে লোকটি কথা বলছে, আর অফারটাও।

কিন্তু কলার বা মেলার যে বলল যে টাকা আর বি আই তে ওই ব্যক্তি/ কম্পানী/ ট্রাস্টের নামের অ্যাকাউন্টে আছে এবং আর বি আই সেই টাকা দেবে যখন ডিম্যান্ড করা পরিমাণ ব্যাঙ্কে জমা করা হবে।

- রিজার্ভ ব্যাঙ্কে ডিসবার্সালের জন্য কোনো ব্যক্তি/ কম্পানী/ ট্রাস্টের নামে কোনো অ্যাকাউন্ট থাকে না।
- আর বি আই কোনো ব্যক্তির অ্যাকাউন্ট খোলেনা রিজার্ভ ব্যাঙ্কে টাকা জমা করার জন্য।
- আরও, আর বি আই কনফারমেশান বা রিসিটের কোনো সার্টিফিকেট বার করেনা যাতে অ্যাকাউন্টে টাকা রাখার প্রমাণ থাকে।
- রিজার্ভ ব্যাঙ্ক তার কোনো আধিকারিককে অনুমোদন দেয়না ডিম্যান্ড করার জন্য।

**আমি কি আমার টাকা ফেরত পাবো যদি এইসব স্কীমে/ অফারে যোগদান করি?**

- অ্যাকাউন্টে টাকা ডিপোজিট হওয়ার সঙ্গে সঙ্গে সেই টাকা ওয়িথড্র হয়ে যায়। সুতরাং স্বাভাবিক ভাবে সেই টাকা হারিয়ে যায়, কিন্তু তার চেয়েও জরুরী হলো, আপনি এটা করে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, 1999 এর বিধান লঙ্ঘন করবেন।
- ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, 1999-এর মধ্যে কারেন্ট অ্যাকাউন্ট রুলস এর টার্মস অনুযায়ী কোনো রকমের রেমিটেন্স যেমন লটারীতে যোগদান বা লটারীর মতো কোনো স্কীমে যোগদান করা, বিভিন্ন নামে মানি সার্কুলেশান স্কীম বা প্রাইজ মানি/পুরস্কার-এর জন্য রেমিটেন্স নিষিদ্ধ।
- সেই অনুযায়ী, ওই ব্যক্তির বিরুদ্ধে অ্যাকশান নেওয়া হবে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, 1999 লঙ্ঘন করে এই পেমেন্ট সরাসরি বা পরোক্ষ ভাবে ভারতের বাইরে সংগ্রহ ও কার্যকর করা, আর রেমিট করার জন্য।

**আর বি আই এই সমস্ত জালিয়াতির ব্যাপারে কেন চিন্তিত?**

- অনেক মানুষ কিছু সস্তার ফান্ডের জন্য জাল অফারে ফেঁসেছেন এবং বিপুল পরিমাণে টাকা হারিয়েছেন।
- আরও, ভারতের বাইরে এই কারণে টাকা রেমিট করা এফ ই এম এ, 1999-র বিধানের বিরুদ্ধে।
- নকল আর বি আই-এর লেটার হেড-এ তার বড় কর্তাদের দিয়ে সেই করানো চিঠি/ সার্টিফিকেট সার্কুলেট হচ্ছে যদিও আর বি আই-এর কাছে কোনো ব্যক্তির/ কোম্পানির/ ট্রাস্টের নামে অ্যাকাউন্ট নেই ফান্ড ডিসবার্সালের জন্য।
- এছাড়াও, প্রতারকেরা রিজার্ভ ব্যাঙ্কের আধিকারিকদের নকল করে প্রতারণিত ব্যক্তিদের যোগাযোগ করে ফোন নম্বর আর নকল মেল আই ডী দিচ্ছে।
- জনতাকে বোকা বানানোর জন্য রিজার্ভ ব্যাঙ্কের ওয়েবসাইট ও নকল করার প্রচেষ্টা হয়েছে।